# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১০৮) কবরের ফিতনা, নেয়ামত ও আযাবের ব্যাপারে কুরআনে কোন দলীল আছে কি?

উত্তরঃ কবরের আযাব ও নেয়ামতের বিষয়ে কুরআনে যথেষ্ট প্রমাণ রয়েছে। আল্লাহ্‌ তা’আলা বলেনঃ

حَتَّى إِذَا جَاءَ أَحَدَهُمْ الْمَوْتُ قَالَ رَبِّ ارْجِعُونِي لَعَلِّي أَعْمَلُ صَالِحًا فِيمَا تَرَكْتُ كَلَّا إِنَّهَا كَلِمَةٌ هُوَ قَائِلُهَا وَمِنْ وَرَائِهِمْ بَرْزَخٌ إِلَى يَوْمِ يُبْعَثُونَ

‘‘যখন তাদের কারো কাছে মৃত্যু আসে, তখন সে বলেঃ হে আমার পালনকর্তা! আমাকে পুনরায় (দুনিয়াতে) প্রেরণ করুন। যাতে আমি সৎকর্ম করতে পারি, যা আমি করি নি। কখনই নয়, এটি তো তার একটি কথা মাত্র। তাদের সামনে রয়েছে বারযাখ (একটি পর্দা) কিয়ামত দিবস পর্যন্ত’’। (সূরা মুমিনূনঃ ৯৮-১০০) আল্লাহ্‌ তাআ’লা বলেনঃ

وَحَاقَ بِآلِ فِرْعَوْنَ سُوءُ الْعَذَابِ النَّارُ يُعْرَضُونَ عَلَيْهَا غُدُوًّا وَعَشِيًّا وَيَوْمَ تَقُومُ السَّاعَةُ أَدْخِلُوا آلَ فِرْعَوْنَ أَشَدَّ الْعَذَابِ

‘‘ফিরআউন সম্প্রদায়কে নিকৃষ্ট শাস্তি পরিবেষ্টন করল। সকাল-সন্ধ্যায় তাদেরকে উপস্থিত করা হয় আগুনের সামনে আর যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন বলা হবে ফিরআউন সম্প্রদায়কে কঠিন শাস্তিতে নিক্ষেপ কর’’। (সূরা গাফেরঃ ৪৫-৪৬) আল্লাহ্‌ তাআ’লা আরও বলেনঃ

يُثَبِّتُ اللَّهُ الَّذِينَ آمَنُوا بِالْقَوْلِ الثَّابِتِ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَفِي الآخِرَةِ

‘‘যারা বিশ্বাসী তাদেরকে ইহজীবনে ও পরজীবনে আল্লাহ্‌ সুপ্রতিষ্ঠিত রাখবেন মজবুত বাক্যের উপর’’। (সূরা ইবরাহীমঃ ২৭) আল্লাহ তাআলা আরও বলেনঃ

وَلَوْ تَرَى إِذْ الظَّالِمُونَ فِي غَمَرَاتِ الْمَوْتِ وَالْمَلَائِكَةُ بَاسِطُوا أَيْدِيهِمْ أَخْرِجُوا أَنفُسَكُمْ الْيَوْمَ تُجْزَوْنَ عَذَابَ الْهُونِ بِمَا كُنتُمْ تَقُولُونَ عَلَى اللَّهِ غَيْرَ الْحَقِّ وَكُنتُمْ عَنْ آيَاتِهِ تَسْتَكْبِرُونَ

‘‘আপনি যদি জালিমদেরকে ঐ সময়ে দেখতে পেতেন যখন তারা মৃত্যু যন্ত্রনায় থাকবে এবং ফেরেশতাগণ হাত বাড়িয়ে বলবেনঃ তোমরা নিজেরাই নিজেদের প্রাণ বের করে আন। তোমাদের আমলের কারণে আজ তোদেরকে অবমাননাকর আযাব দেয়া হবে। কারণ তোমরা আল্লাহর উপর মিথ্যারোপ করেছিলে এবং তোমরা তাঁর আয়াতের বিরুদ্ধে অহংকার করেছিলে’’। (সূরা আনআমঃ ৯৩) আল্লাহ্‌ তাআলা বলেনঃ

سَنُعَذِّبُهُمْ مَرَّتَيْنِ ثُمَّ يُرَدُّونَ إِلَى عَذَابٍ عَظِيمٍ

‘‘আমি তাদেরকে দু’বার শাস্তি দিব। অতঃপর তাদেরকে প্রত্যাবর্তিত করা হবে কঠিন শাস্তির দিকে’’। (সূরা তাওবাঃ ১০১) এখানে একবার কবরের শাস্তি ও আর একবার কিয়ামতের শাস্তি উদ্দেশ্য। এ ছাড়াও এ বিষয়ে আরও অনেক আয়াত বিদ্যমান রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11922

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন